



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা
পরিচালকের দপ্তর
dol.khulna.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০৩.২২.০৩১.১৭.২০২৮

তারিখ: ২০ ভাদ্র ১৪২৫

০৪ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **উন্নয়ন মেলায় অংশগ্রহণ প্রসংগে।**

সূত্র: প্রধান কার্যালয়ের ২৯-০৮২০১৮ খ্রিঃ তারিখের ৪০.০২.০০০০.০৩১.১৯.০০৫.১৮-১২৮ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৪-০৬ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা অংশগ্রহণ করে বর্তমান সরকারের সাফল্য চিত্র, ভবিষ্যৎ পরিকল্পনা তথা এ দপ্তরের সেবা সমূহ এবং সেবা প্রদানের পদ্ধতি/প্রক্রিয়া স্টেকহোল্ডারদের মধ্যে আকর্ষণীয়ভাবে উপস্থাপনের নিমিত্ত কর্মপরিকল্পনা গহণ করেছে।

২-০। আগামী ০৪-০৬ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখ (সকাল ৯.০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা) অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় শ্রম অধিদপ্তরারীণ বিভাগীয় শ্রম দপ্তর, খুলনার সার্বিক তত্ত্বাবধানে শিল্প সম্পর্ক শিক্ষায়তন, শ্রম কল্যাণ কেন্দ্র, খালিশপুর ও রূপসাকে সাথে নিয়ে নিম্নে বর্ণিতভাবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম অধিদপ্তর সংশ্লিষ্ট বর্তমান সরকারের সাফল্য চিত্র, ভবিষ্যৎ পরিকল্পনা তথা দপ্তরের সেবা সমূহ এবং সেবা প্রদানের পদ্ধতি/প্রক্রিয়া মেলায় আগত স্টেকহোল্ডার/প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে উপস্থাপন করা হবেঃ

০১। জেলা প্রশাসন, খুলনা হতে সার্কিট হাউজ ময়দানে একটি স্টল বরাদ্দ নেয়া হবে ;

০২। স্টলটি ব্যানার, ফেস্টুন (এ দপ্তরের কর্মকান্ড সংশ্লিষ্ট) ফুল এবং লাইটিং এর মাধ্যমে সাজসজ্জা করা হবে;

০৩। মেলায় আগত প্রান্তিক জনগোষ্ঠীকে বিনা মূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ করা হবে;

০৪। মেলায় আগত প্রান্তিক জনগোষ্ঠীকে পরিবার পরিকল্পনা সম্পর্কে সচেতনতা এবং বিনা মূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিতরণ;

০৫। এ দপ্তর সংশ্লিষ্ট সেবা (অনলাইন ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা) কেউ গ্রহণ করতে চাইলে তা প্রদান করা হবে;

০৬। জেলা প্রশাসন কর্তৃক নির্মিত মঞ্চে শ্রম আইন সম্পর্কে সচেতনতা মূলক সংক্ষিপ্ত সেমিনারের মাধ্যমে সংশ্লিষ্টদের অবহিতকরণ;

০৭। মেলায় আগত শিল্প প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/শ্রমিক প্রতিনিধি/শ্রমিকগণকে শ্রম আইনের সারসংক্ষেপ অবহিতকরণ;

০৮। বাংলাদেশ শ্রমিক কল্যাণ তহবিল হতে আর্থিক অনুদানের ফরম বিতরণ ও গ্রহণ;

০৯। শ্রম অধিদপ্তরের কার্যক্রম/সেবা সম্পর্কিত সিটিজেন চার্টার প্রস্তুত করে হ্যান্ডবিল আকারে আগতদের মধ্যে বিতরণ;

১০। শ্রম অধিদপ্তর সংশ্লিষ্ট বর্তমান সরকারের সাফল্য চিত্র হ্যান্ডবিল আকারে আগতদের মধ্যে বিতরণ;

১১। শ্রম অধিদপ্তরের পক্ষে বর্তমান সরকারের সাফল্য চিত্রের হ্যান্ডবিল, সিটিজেন চার্টার, লিফলেট, নোটবুক, কলম একটি আকর্ষণীয় ব্যাগে আগত ভিআইপিদের উপহার হিসেবে প্রদান;

১২। মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম অধিদপ্তর সংশ্লিষ্ট বর্তমান সরকারের সাফল্য চিত্র, ভবিষ্যৎ পরিকল্পনা তথা দপ্তরের সেবা সমূহ এবং সেবা প্রদানের পদ্ধতি/প্রক্রিয়া স্টেকহোল্ডার/প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে উপস্থাপন;


১৩। উন্নয়ন মেলায় বিভিন্ন শ্রেণি পেশার উল্লেখযোগ্য সংখ্যক লোক সমাগম হয়। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল হতে শ্রমিক বা তাদের পরিবারবর্গের চিকিৎসা ও শিক্ষা সহায়তার চেক উন্নয়ন মেলায় বিতরণ করা যেতে পারে; চেক বিতরণ করা হলে সরকারের এ ধরনের একটি কল্যাণমূলক কাজ সম্পর্কে সংশ্লিষ্ট এলাকার সকল শ্রেণীর মানুষ অবহিত হবে এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভাবমূর্ত্তী উজ্জ্বল হবে;

১৪। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম অধিদপ্তরের উন্নয়ন মূলক বিভিন্ন প্রকল্পের ভিডিও প্রধান কার্যালয় হতে সরবরাহ করা হলে তা মেলায় উপস্থাপন করা যেতে পারে।

এছাড়াও আঞ্চলিক শ্রম দপ্তর, কুষ্টিয়া ও বরিশাল সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং মোংলা শ্রম কল্যাণ কেন্দ্র, উপজেলা নির্বাহী অফিসার, মোংলা,

বাণেশহাটের সাথে সম্পৃক্ত হয়ে উন্নয়ন মেলায় অংশ গ্রহণ করবেন।

মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য উন্নয়ন মেলার কর্মপরিকল্পনা প্রেরণ করা হল।



৪-৯-২০১৮

মোঃ মিজানুর রহমান

পরিচালক

ফোন: ০৪১ ৭৬১১০১

ফ্যাক্স: ০৪১ ৭৬০৬৯৬

ইমেইল: directorkhulna@gmail.com

মহাপরিচালক

শ্রম অধিদপ্তর